

মংলায় এসএসসি পরীক্ষা

পদার্থ বিজ্ঞানে ভুল প্রশ্নপত্র সরবরাহ ফল বিপর্যয়ের আশঙ্কা শিক্ষার্থীদের

মনিরুল ইসলাম, মংলা

চলতি এসএসসি পরীক্ষায় মংলার সেন্ট পলস উচ্চ বিদ্যালয় কেন্দ্রে পদার্থ বিজ্ঞান বিষয়ে ভুল প্রশ্নপত্র সরবরাহ করায় ৫ শিক্ষার্থীর ফলাফলে বিপর্যয় দেখা দিতে পারে। এ আশঙ্কায় ওই শিক্ষার্থীরা পদার্থ বিজ্ঞান নৈব্যতিক বিষয় আবার পরীক্ষা গ্রহণের দাবি জানিয়েছে।

মংলা প্রেসক্লাব বরাবর লিখিত এক অভিযোগে তুতুভোগী শিক্ষার্থীরা জানায়, মংলা সেন্ট পলস কেন্দ্রে ১৯ ফেব্রুয়ারি অনুষ্ঠিত পদার্থ বিজ্ঞান পরীক্ষায় ২০১ নং কক্ষে ৬জন শিক্ষার্থীর মধ্যে একজন ক্যাঙ্ক্যাল ছাড়া অন্য ৫জন নিয়মিত পরীক্ষার্থী ছিল। তবে ওই কক্ষে ৬ শিক্ষার্থীকেই সূজনশীল পদ্ধতির পরিবর্তে পুরনো সিলেবাসের প্রশ্নপত্র সরবরাহ করা হয়। শিক্ষার্থীরা কক্ষ পরিদর্শককে বিষয়টি জানালেও তিনি কোন কর্তৃত্ব না করে ওই প্রশ্নে পরীক্ষা দিতে বলেন। এতে ওই ৫ শিক্ষার্থীই তাদের ফলাফল বিপর্যয়ের আশঙ্কা করছে। এ পরীক্ষার্থীরা হচ্ছে বৃষ্টি রায় রোল নং- ১০৫১১৬, হালিমা আক্তার রোল- ১০৫২৫৫, সুমনা আক্তার রোল- ১০৫২৫৬ ও সোনিয়া আক্তার রোল- ১০৫২৫৮। বিষয়টি তারা সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সচিব ফা. মার্টিনকে জানালেও তিনি কোন সমস্যার দেননি। নিয়মিত শিক্ষার্থীদের পুরনো সিলেবাসের প্রশ্নপত্র সরবরাহ করায় শিক্ষার্থী ও অভিভাবকরা মারাত্মক সংক্ৰিত ও হতাশায় হু হুয়ে পড়েছেন। তারা এ বিষয়ে উড়িয়ে ব্যবস্থা গ্রহণের জন্য পদার্থ বিজ্ঞান বোর্ডসহ শিক্ষা সচিব

এ ব্যাপারে সেন্ট পলস কেন্দ্রের সচিব ফাদার মার্টিনের সঙ্গে আলোচনা করলে তিনি জানান, বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে বলে তিনি আশ্বাস প্রদান করেন। ভুল প্রশ্নপত্র সরবরাহের বিষয় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সঙ্গে আলোচনা করা হলে তিনি অভিযোগ পাওয়ার কথা স্বীকার করেন সংশ্লিষ্ট কেন্দ্রে তদন্ত করে ব্যবস্থা নেবেন বলে তিনি আশ্বাস দেন।